



বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি)
জিরানী, সাভার, ঢাকা।
www.bksp.gov.bd

স্মারক নং-৩৪.০৪.০২০০.০০৬.১৮.০৪৪.(২)১০/ ৪৬৬

তারিখ: ২১ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ।
২২ মে ২০২৬ খ্রিষ্টাব্দ।

ভর্তি বিজ্ঞপ্তি

**জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে বিকেএসপিতে ক্রীড়াবিজ্ঞানে স্নাতকোত্তর ডিপ্লোমা-ইন-স্পোর্টস সাইন্স কোর্স
২০২৫-২৬ শিক্ষাবর্ষে (অনাবাসিক) ভর্তি বিজ্ঞপ্তি**

কোর্সের মেয়াদ: ১বছর। ০১ জুলাই ২০২৬ থেকে শ্রেণি কার্যক্রম শুরু।

বিষয়:

- ১। এক্সারসাইজ ফিজিওলজি ৩। স্পোর্টস বায়োমেকানিক্স
২। স্পোর্টস সাইকোলজি ৪। সাইন্স অব স্পোর্টস ট্রেনিং

ভর্তির যোগ্যতা:

- ক) জাতীয় বিশ্ববিদ্যালয় কিংবা অন্য কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে তবে মাধ্যমিক বা সমমান, উচ্চ মাধ্যমিক বা সমমান ও স্নাতক এ তিনটি পরীক্ষার মধ্যে কমপক্ষে ১টি পরীক্ষায় ২য় শ্রেণী বা সিজিপিএ ২.২৫ থাকতে হবে।
খ) এক্সারসাইজ ফিজিওলজি ও স্পোর্টস বায়োমেকানিক্স বিষয়ে ভর্তির জন্য বিজ্ঞানে স্নাতক হতে হবে।
গ) স্পোর্টস সাইকোলজি বিষয়ে ভর্তির ক্ষেত্রে স্নাতক (পাশ)/অনার্স এ মনোবিজ্ঞান অথবা দর্শন বিষয় থাকবে।
ঘ) সাইন্স অব স্পোর্টস ট্রেনিং (জিটিএমটি) বিষয়ে ভর্তির জন্য বিপিএড/এমপিএড থাকতে হবে অথবা ন্যূনতম স্নাতকসহ বিভাগীয় পর্যায়ে যে কোনো খেলোয়াড়/প্রশিক্ষকদের অগ্রাধিকার প্রদান করা হবে।

ভর্তি ও অনলাইনে আবেদনের সময় নিম্নলিখিত কাজগপত্রাদি সংযুক্ত করতে হবে:

- ক) সংশ্লিষ্ট বোর্ড ও বিশ্ববিদ্যালয় কর্তৃক ইস্যুকৃত মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও স্নাতক (পাশ/অনার্স) পরীক্ষা পাশের সনদ ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি।
খ) জাতীয় বিশ্ববিদ্যালয় ব্যতীত অন্য কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/অনার্স পাশকৃত শিক্ষার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় হতে গৃহীত মাইগ্রেশন সনদের (ভর্তির সময়) মূলকপি।
গ) স্নাতক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ সংক্রান্ত শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রশংসাপত্র। (ঘ) পাসপোর্ট সাইজের ৫ (পাঁচ) কপি এবং স্ট্যাম্প সাইজের ২(দুই) কপি ছবি।
ঙ) চারিত্রিক সনদপত্র ও শিক্ষা বিরতি সনদপত্র (যাদের ক্ষেত্রে প্রযোজ্য)। (চ) চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র জমা দিতে হবে।
বি.দ্র: (ক) প্রতি বিষয়ের জন্য আবেদন ফি ৫০০/- টাকা অনলাইনে পরিশোধ করতে হবে।

(খ) আবেদন সম্পন্ন করে আবেদনের ডাউনলোড কৃত ফরম এর প্রিন্ট কপি ও সকল সনদপত্রের সত্যায়িত কপি লিখিত পরীক্ষার পূর্বে জমা দিতে হবে।

মনোনীত শিক্ষার্থীদের ভর্তিকালীন ফিসের হার:

- (ক) রেজিস্ট্রেশন ও ভর্তি ফি ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা (খ) জামানত ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা (ফেরত যোগ্য) (গ) মাসিক বেতন ৫০০.০০ (পাঁচশত) টাকা

চূড়ান্ত নির্বাচন:

- ক) ভর্তিচ্ছুক প্রার্থীদের আগামী ১৫/০৬/২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে অনলাইনে রেজিস্ট্রেশন করতে হবে।
খ) অনলাইনে রেজিস্ট্রেশনকৃত প্রার্থীদের লিখিত পরীক্ষা আগামী ২২/০৬/২০২৬ খ্রিঃ তারিখ (সোমবার) বিকেএসপি, ক্রীড়াবিজ্ঞান শাখায় সকাল ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষার তারিখ পরিবর্তন করা হলে, ওয়েবসাইট এর মাধ্যমে জানানো হবে।
গ) চূড়ান্ত ভাবে নির্বাচিত শিক্ষার্থীদের ফলাফল ওয়েবসাইট ও এসএমএস এর মাধ্যমে জানানো হবে।
ঘ) অনলাইনে রেজিস্ট্রেশন নিম্নের প্রক্রিয়ায় (ফরম) পূরণ করতে হবে-

bksp.gov.bd >	অনলাইন আবেদন >	ক্রীড়াবিজ্ঞানে স্নাতকোত্তর ডিপ্লোমা-ইন-স্পোর্টস সাইন্স কোর্স ২০২৫-২৬ >	ফরম পূরণ Submit > Payment > Download > Print
---------------	----------------	--	---

- ঙ) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ২৮/০৬/২০২৬ খ্রিঃ তারিখে উপপরিচালক (ক্রীড়াবিজ্ঞান) এর অফিস কক্ষে অনলাইনে রেজিস্ট্রেশন ফরমের প্রিন্ট কপি ও সকল মূল সনদপত্রসহ সাক্ষাৎকারে আসতে হবে।

যোগাযোগের জন্য (অফিস চলাকালীন সময়ে)

০১৫৫০৭০০১০০, ০১৭১১৫৭৫৯০৩

মোহাম্মদ সাইফ উল্লাহ, এনডিসি, পিএসপি
রিগেডিয়র জেনারেল
মহাপরিচালক
বিকেএসপি।